Total No. of Printed Pages—15

**22E—MBEN**

# 2022

## BENGALI

## ( Modern Indian Language )

*Full Marks* : 100
*Pass Marks* : 30

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

### ALLOTMENT OF MARKS

### ( New Course )

| | | |
|---|---|---|
| Q. No. **1** carries *1* mark each | : | 1×12 = 12 |
| Q. No. **2** carries *2* marks each | : | 2×4 = 8 |
| Q. No. **3** carries *2* marks each | : | 2×5 = 10 |
| Q. No. **4** carries *2* marks | : | = 2 |
| Q. No. **5** carries *4* marks each | : | 4×2 = 8 |
| Q. No. **6** carries *4* marks each | : | 4×3 = 12 |
| Q. No. **7** carries *11* marks | : | = 11 |
| Q. No. **8** carries *12* marks | : | = 12 |
| Q. No. **9** carries *12* marks | : | = 12 |
| Q. No. **10** carries *13* marks | : | = 13 |
| | | Total = 100 |

## GROUP—A

### ( New Course )

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১২=১২

(ক) "এক যে ছিল গাছ,
সন্ধে হলেই দু'হাত তুলে জুড়তো ______ ।"

(শূন্যস্থান পূর্ণ করো)

(খ) 'চাঁদের পাহাড়' কার লেখা ?

(গ) মহাপ্রভু চৈতন্যদেবের বাল্যনাম কী ?

(ঘ) জয়কালী দেবীর সবচেয়ে যত্নের ধন কী ছিল ?

(ঙ) 'ইচ্ছাপূরণ' গল্পটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল ?

(চ) অর্থ লেখো : আদাব।

(ছ) গফুর মিঞার বাড়ি কোন্ গ্রামে ?

(জ) অমরের অবিবাহিতা বোন কে ?

(ঝ) "হ আমি মোছলমান। কী হইছে ?" উক্তিটি কার ?

(ঞ) বাংলা শব্দভাণ্ডার প্রধানত ক'ভাগে বিভক্ত ?

(ট) স্বপনবুড়ো কার ছদ্মনাম ?

(ঠ) আইন, আক্কেল, আজান, উকিল শব্দগুলি কোন্ ভাষা থেকে বাংলায় এসেছে ?

২। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২×৪=৮

(ক) জয়কালীর দুই ভাইপোর নাম লেখো।

(খ) শৈলর পিতা কী ধরনের মানুষ ছিলেন ?

(গ) বোষ্টুমী কবিকে কোন্ গান শুনিয়েছিলেন? অন্তরাটুকু কবে শুনিয়ে যাবার কথা ছিল ?

(ঘ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ? সংকলনটি কোন্ সালে প্রথম প্রকাশিত হয়েছিল ?

(ঙ) "পিতা ও কন্যার মাঝখানে এই যে একটুখানি ছলনার অভিনয় হইয়া গেল," এখানে পিতা ও কন্যা বলতে কাদের বোঝানো হয়েছে ?

৩। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) "শৈলর মাথায় যেন আকাশ ভাঙ্গিয়া পড়িল।" শৈলর মাথায় আকাশ ভেঙে পড়ার কারণ কী ?

(খ) 'অভিসার সংসদ'-এর পক্ষ থেকে কোন্ নাটক অভিনয়ের কথা হয়েছিল ? তার প্রেসিডেন্টের নাম কী ?

(গ) মহেশকে কে, কোন্ খোঁয়াড়ে প্রেরণ করেছিল ?

(ঘ) 'নাহি মাচ তেল লুণ'—'লুণ' শব্দের দুটি প্রতিশব্দ লেখো।

(ঙ) সুশীলচন্দ্রের কয়েকজন বন্ধুর নামোল্লেখ করো।

(চ) শেওড়া বনে, হাজরাতলায় কে কে থাকে ?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) টীকা লেখো : মহিষমর্দিনী অপেরা পার্টি।

(খ) "তুমি বুঝছ না কাকা, বড় মাছ ধরতে হলে ভালো করে টোপ ফেলতে হবে না?" এখানে বক্তা এবং কাকা কে?

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) টীকা লেখো (যে কোনো একটি) :

জীবনানন্দ দাশ ; সুভাষ মুখোপাধ্যায়।

(খ) "আহার শুদ্ধ হলে মন শুদ্ধ হয়।" বিবেকানন্দের অনুসরণে মন্তব্যটির গুরুত্ব আলোচনা করো।

(গ) নিমাইকে হরণ করার পর নবদ্বীপবাসীর মনের অবস্থার বর্ণনা দাও।

৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) 'ইচ্ছাপূরণ' গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

(খ) 'বৈষ্ণবী মায়া' পদ্যে চৈতন্যদেবের অবতার রূপটিকে তুলে ধরা হয়েছে। আলোচনা করো।

(গ) "কিন্তু দাও এবার আমাকে কাহন-দুই খড়।" কে, কার প্রতি এই উক্তি করেছে? অনুরোধটি বিবৃত করো।

(ঘ) টীকা লেখো (যে কোনো দুটি) :

'চণ্ডীমঙ্গল কাব্য' ; ভূতের নাচ ; চন্দ্রভুক অমাবস্যা।

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

(ক) হায় রে, ভুলিবি কত আশার কুহক ছলে? ৫

*অথবা*

তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি।

(খ) —''আমাগো কথা ভাবে কেডা? এই যে দাঙ্গা বাধল—অখন দানা জুটাইব কোন্ সুমুন্দি; নাওটারে কি আর ফিরা পামু? বাদামতলির ঘাটে কোন্ অতলে ডুবাইয়া দিছে তারে—তার ঠিক কি?'' ৬

*অথবা*

''বিচারক যেখানে বিধিবদ্ধ বিধানের মধ্যে আবদ্ধ নয়, সেখানে বিচার হয় না, বিচারের নামে ঘটে—স্বেচ্ছাচার। তাই ওইটুকু অপরাধে শৈলর অদৃষ্টে গুরুদণ্ড হইয়া গেল,—সেই রাত্রেই তাহার নির্বাসনের ব্যবস্থা হইল।''

৮। ক—অংশ ও খ—অংশ থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও :

(ক) (১) ভূপেনবাবুর ঘরটি গাবলু ও তার বন্ধুরা কোন্ কাজে ব্যবহার করতে চেয়েছিল? তাদের ইচ্ছা কীভাবে বাস্তবায়িত হয়েছিল? ৬

*অথবা*

(২) কৃষ্ণদাস দাস ও বিশাখা দাসীর হাতে ভূপেনবাবুর হেনস্থার বিবরণ দাও।

(খ) (১) '' স্বর্ণকুমারী দেবীর 'লজ্জাবতী' একটি করুণ রসের গল্প।'' গল্পটি আলোচনা করে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ৬

*অথবা*

(২) 'মহেশ' গল্প অবলম্বনে গফুরের চরিত্র বিশ্লেষণ করো।

৯। উত্তর দাও :

(ক) "একের পর এক সংলাপ সাজিয়ে কীভাবে একেকটি চরিত্রকে দৃশ্যমান করে তোলা যায় তার উজ্জ্বল দৃষ্টান্ত 'ভাড়াটে চাই' নাটকটি।" উপযুক্ত দৃষ্টান্তসহ মন্তব্যটির সমর্থনে তোমার যুক্তি তুলে ধরো। ৬

*অথবা*

"হঠাৎ দাদা বুলি ধরেছেন যে বড়?" কে, কেন 'দাদা বুলি' ধরেছেন? তাঁর চরিত্রের কোন্ দিকগুলি নাটকে প্রকাশিত হয়েছে?

(খ) 'অনধিকার প্রবেশ' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো। ৬

*অথবা*

আত্তিলিও গাত্তির করুণ পরিণতির পরিচয় দাও।

১০। নির্দেশানুযায়ী উত্তর দাও :

(ক) পদ পরিবর্তন করো (যে কোনো তিনটি) : ১×৩=৩

ইতিহাস ; কিশোর ; শান্ত ; নীল ; দুঃখ।

(খ) নিচের শব্দগুলি কোন্ শ্রেণির শব্দ লেখো (যে কোনো তিনটি) : ১×৩=৩

মাছ ; ডাব ; আনারস ; লুঙ্গি ; হরতন।

(গ) অশুদ্ধি সংশোধন করো (যে কোনো তিনটি) : ১×৩=৩

পক্ক ; ঘনিষ্ঠ ; পিচাশ ; দুরাবস্থা ; সত্ত্বা।

(ঘ) কারক-বিভক্তি নির্ণয় করো (যে কোনো চারটি) : ১×৪=৪

(১) রেখো মা দাসেরে মনে।

(২) পাগলে কি না বলে ছাগলে কি না খায়।

(৩) ভোরে সূর্য ওঠে।

(৪) পীড়িতকে সেবা করো।

(৫) এ-কলমে ভালো লেখা হয় না।

(৬) পাখি সব করে রব রাতি পোহাইল।

## ALLOTMENT OF MARKS

### ( Old Course )

| | | |
|---|---|---|
| Q. No. **1** carries *1* mark each | : | 1×10 = 10 |
| Q. No. **2** carries *2* marks each | : | 2×3 = 6 |
| Q. No. **3** carries *3* marks each | : | 3×2 = 6 |
| Q. No. **4** carries *3* marks each | : | 3×2 = 6 |
| Q. No. **5** carries *4* marks | : | = 4 |
| Q. No. **6** carries *11* marks | : | = 11 |
| Q. No. **7** carries *4* marks each | : | 4×2 = 8 |
| Q. No. **8** carries *5* marks each | : | 5×2 = 10 |
| Q. No. **9** carries *5* marks each | : | 5×2 = 10 |
| Q. No. **10** carries *19* marks | : | = 19 |
| Q. No. **11** carries *5* marks each | : | 5×2 = 10 |
| | | Total = 100 |

## GROUP—B

( Old Course )

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'বাল্যলীলা'র লেখক কে ?

(খ) জয়কালী চরিত্রটি কোন্ গল্পে রয়েছে ?

(গ) স্যান্ডভাইপার কী ?

(ঘ) ফিন্‌ল্যান্ড কোন্ মহাদেশের অন্তর্ভুক্ত ?

(ঙ) দুর্যোগকে প্রধানত কয় ভাগে ভাগ করা হয়ে থাকে ?

(চ) 'ইকোলজি' কী ?

(ছ) 'পামর' শব্দের অর্থ লেখো।

(জ) "আশার ছলনে ভুলি কি ______ লভিনু হায়।"

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঝ) 'ক্যাপশন' বলতে কী বোঝো ?

(ঞ) 'টোল' বলতে কী বোঝো ?

২। সংক্ষেপে উত্তর দাও : ২×৩=৬

(ক) লেডি গজানন বোস কে ?

(খ) গণপতি কাঞ্জিলাল কে ?

(গ) "সেকালে দেবতা গোলোক তেয়াগি, মাটির ধরায় নরের গেহে," 'তেয়াগি' ও 'গেহে' শব্দের অর্থ লেখো।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৩×২=৬

(ক) 'ডাচ ইন্ডিজ' বলতে কী বোঝো ?

(খ) 'কালাহারি' কী ?

(গ) 'এস্কিমো' বলতে কী বোঝো ?

৪। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৩×২=৬

(ক) ''এ-বয়সে কেউ মাথা নোয়াবার নয়''—এখানে কোন্ বয়সের কথা বলা হয়েছে? কেনই-বা 'মাথা নোয়াবার নয়' বলা হল ?

(খ) ''দানব-সংহার মানবেরি কাজ''—পঙ্‌ক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) ''থাকিহ তরুর ছায় মিনতি করিছে মায়''—পঙ্‌ক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৫। উত্তর দাও : ৪

(ক) ''জগতের সর্বশ্রেষ্ঠ হীরকখনির মালিক আমি।'' এখানে কার কথা বলা হয়েছে? কীভাবে সে হীরকখনির মালিক হয়েছিল তা কাহিনি অবলম্বনে বিবৃত করো।

*অথবা*

(খ) ''কিন্তু পিসিমা তাঁহার সেই সুখবাসনায় একদিনের জন্যও প্রশ্রয় দেন নাই।'' পিসিমা কার সুখবাসনায় প্রশ্রয় দেননি? কীসের সুখবাসনা? কীভাবে পিসিমা সুখবাসনায় বাধা দিয়েছিলেন ?

৬। ক—অংশ ও খ—অংশ থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও :

(ক) (১) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের শিক্ষা সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা*

(২) 'ফিন্‌ল্যান্ডে' পাঠটি অবলম্বনে ফিন্‌দের ঐশ্বর্য ও সম্পদ সম্বন্ধে লেখো।

(খ) (১) 'বাল্যলীলা'র অনুসরণে যশোদার মাতৃহৃদয়ের একটি পরিচয় তুলে ধরো। ৬

*অথবা*

(২) "এ দেশের বুকে আঠারো আসুক নেমে"—কবির এই উক্তিটির ব্যাখ্যা করো।

৭। ক—অংশ ও খ—অংশ থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও :

(ক) (১) কৃত্রিম বা আকস্মিক দুর্ঘটনাজনিত দুর্যোগ বলতে কী বোঝো? সেগুলি কত প্রকার? ৪

*অথবা*

(২) সম্ভাব্য দুর্যোগের ব্যবস্থাপনা কীভাবে করা সম্ভব এবং কেন এই সজাগতা অবলম্বন করা প্রয়োজন?

(খ) (১) ভূমিকম্প কেন হয়? ভূমিকম্প হবার পূর্বে কী ধরনের সাবধানতা অবলম্বন করা উচিত? অন্তত তিনটি সাবধানতার কথা উল্লেখ করো। ৪

*অথবা*

(২) IDNDR বলতে কী বোঝায়? এই পরিকল্পনার উদ্দেশ্যগুলি লেখো।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো : ৫×২=১০

(ক) "এই বিগ্রহটির নিকট তিনি একান্তরূপে জননী, পত্নী, দাসী—ইহার কাছে তিনি সতর্ক, সুকোমল, সুন্দর এবং সম্পূর্ণ অবনম্র।"

*অথবা*

"হীরার খনির সে রক্ষক, এই প্রবাদের সৃষ্টি সেই জন্যেই বোধ হয় হয়েছে।"

(খ) "প্রেমের নিগড় গড়ি পরিলি চরণে সাধে,
কি ফল লভিলি?
জ্বলন্ত পাবকশিখা-লোভে তুই কাল-ফাঁদে
উড়িয়া পড়িলি?"

*অথবা*

"দধীচির হাড় ইন্দ্রের হাতে
বজ্র হয়ে আছে, রবে চিরদিন, মানবেরে দিয়া দেবের জয়;"

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) "এবার আর রাজপুত্র নয়, এখন অক্ষম পিতার ভূমিকায় অভিনয় করতে যাবো।"
কার উক্তি? বক্তার এ ধরনের উক্তির কারণ বুঝিয়ে লেখো।

(খ) "আমরা সবাই সাজঘরের সঙ্। কিন্তু তুই যে সেই সঙের দলে আসল সোনা," উক্তিটি কার? 'আসল সোনা' বলতে কাকে বোঝানো হয়েছে? তার চরিত্রটি আলোচনা করো।

(গ) 'সাজঘর' নাটকের দুই তরুণীর আচার-ব্যবহার, কথাবার্তার পরিচয় দাও।

১০। নির্দেশানুযায়ী উত্তর দাও :

(ক) উদাহরণসহ ণত্ব ও ষত্ববিধির দুটি করে বিধান লেখো। ২+২=৪

(খ) যে কোনো পাঁচটির কারক-বিভক্তি নির্ণয় করো : ১×৫=৫

(১) রেখো মা <u>দাসেরে</u> মনে।

(২) <u>কবিগুরু</u> 'গীতাঞ্জলি' লিখেছেন।

(৩) এ-<u>কলমে</u> ভাল লেখা হয়।

(৪) <u>জলে</u> বাষ্প হয়।

(৫) কত <u>ধানে</u> কত চাল সে আমি জানি।

(৬) <u>টাকায়</u> কি না হয়।

(৭) <u>টাকার</u> লোভ ভাল নয়।

(গ) চলিত ভাষায় রূপান্তর করো : ১×৫=৫

(১) প্রাচীনকালের রাজারা কোন দৈবশক্তি হইতে নিজের বংশের উৎপত্তি কল্পনা করিতেন।

(২) বিচারক যেখানে বিধিবদ্ধ বিধানের মধ্যে আবদ্ধ নয়, সেখানে বিচার হয় না, বিচারের নামে ঘটে স্বেচ্ছাচার।

(৩) রোগীর সেবায় তিনি সিদ্ধহস্ত ছিলেন, কিন্তু রোগী তাঁহাকে যমেরই মতো ভয় করিত।

(৪) অগ্নিশিখার মত তাহাদের সর্পিল ঊর্দ্ধগতির প্রতি চাহিয়া থাকিলে মাথা ঝিম্-ঝিম্ করে—যেন নেশা লাগে।

(৫) ছোট ছেলের জন্মতিথি-পূজা। পূজা সারিয়া তর্করত্ন দ্বিপ্রহর বেলায় বাটী ফিরিতেছিলেন।

(ঘ) নিচের শব্দগুলির যে কোনো **পাঁচটির** দুটি করে সমার্থক শব্দ লেখো : ১×৫=৫

অগ্নি ; কৌতুক ; দুর্গা ; পদ্ম ; যুদ্ধ ; সূর্য।

১১। (ক) ভাবসম্প্রসারণ করো : ৫

বিত্ত হতে চিত্ত বড়ো।

*অথবা*

"হিন্দু না ওরা মুসলিম?" ওই জিজ্ঞাসে কোন্ জন?
কাণ্ডারী! বলো ডুবিছে মানুষ, সন্তান মোর মার!

(খ) নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও : ৫

একটু দূরে একটি বৃক্ষতলে বসিয়া জনৈক ব্যক্তি খানিকটা ছাতু খাইতেছিল। ভিড়ে যোগদান করে নাই। লোকটির চেহারা অদ্ভুত। খোঁচা খোঁচা গোঁফদাড়ি, তৈলবিহীন রুক্ষ চুল, আরক্ত নয়ন। পরিধানে একটা ময়লা হাফ-প্যান্ট এবং একটা ময়লাগোছের ফতুয়া। খোঁচা-খোঁচা গোঁফদাড়িতে ছাতু লাগিয়া চেহারাটা আরও দৃষ্টিকটু হইয়াছে। নিতান্ত নিরুৎসাহভাবে আপন মনে সে ভোজন করিতেছিল। এমন সময়ে ভিড়ের ভিতর হইতে একটা কলরব উঠিল। কলরবে আকৃষ্ট হইয়া জনতার

দিকে সে কিছুক্ষণ ভ্রূকুঞ্চিত করিয়া চাহিয়া রহিল। তাহার পর কী মনে করিয়া একটু হাসিল এবং অবশেষে উঠিয়া ভিড়ের দিকে অগ্রসর হইল। ভাবখানা—ব্যাপারটা কী দেখাই যাক না! ভিড়ের নিকটে গিয়া একজন লোককে প্রশ্ন করিল, এখানে এত ভিড় কীসের?

গোখরো সাপটা ধরা পড়েছে।

কোন্ গোখরো সাপ?

যে গোখরো-সাপটা আজ সকালে ন্যাপলাকে কামড়েছিল।

ন্যাপলা কে?

হারু ঘোষের মেজো ছেলে।

*প্রশ্নাবলি* :

(১) 'জনৈক ব্যক্তিটি' কোথায় বসেছিলেন এবং কী খাচ্ছিলেন?

(২) ব্যক্তিটি কোন্ পোশাক পরেছিলেন?

(৩) জনতার কলরব শুনে তিনি কী করেছিলেন?

(৪) অংশটিতে কোন্ জাতের সাপের প্রসঙ্গ রয়েছে?

(৫) ন্যাপলা কে?

*অথবা*

মাকে আমার পড়ে না মনে।
শুধু কখন খেলতে গিয়ে হঠাৎ অকারণে
একটা কী সুর গুনগুনিয়ে কানে আমার বাজে,
মায়ের কথা মিলায় যেন আমার খেলার মাঝে।
মা বুঝি গান গাইত আমার দোলনা ঠেলে ঠেলে—
মা গিয়েছে, যেতে যেতে গানটি গেছে ফেলে॥

মাকে আমার পড়ে না মনে।
শুধু যখন আশ্বিনেতে ভোরে শিউলিবনে
শিশির ভেজা হাওয়া বেয়ে ফুলের গন্ধ আসে

তখন কেন মায়ের কথা আমার মনে ভাসে।
কবে বুঝি আনত মা সেই ফুলের সাজি বেয়ে—
পুজোর গন্ধ আসে যে তাই মায়ের গন্ধ হয়ে॥

মাকে আমার পড়ে না মনে।
শুধু যখন বসি গিয়ে শোবার ঘরের কোণে,
জানলা থেকে তাকাই দূরে নীল আকাশের দিকে—
মনে হয় মা আমার পানে চাইছে অনিমিখে।
কোলের 'পরে ধ'রে কবে দেখত আমায় চেয়ে,
সেই চাউনি রেখে গেছে সারা আকাশ ছেয়ে॥

*প্রশ্নাবলি :*

(১) খেলতে গিয়ে কী করে মায়ের কথা মনে পড়ে?

(২) দোলনা ঠেলে-ঠেলে মা কী করতেন?

(৩) আশ্বিন মাসে ভোরের যে দৃশ্য চিত্রিত হয়েছে তা অতি সংক্ষেপে চিত্রিত করো।

(৪) পুজোর গন্ধ কী হয়ে আসে?

(৫) কবি-কল্পনায় মা কোথা থেকে দেখছেন?

★★★